# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১১

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২. চামড়া প্রক্রিয়াজাত করা

## بَابُ الدِّبَاغِ

আরবী

ثَنَا مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا الْعَبَّاسُ بْنُ مُحَمَّدِ بْنِ حَاتِمٍ ، حَدَّثَنَا شَبَابَةُ بْنُ سَوَّارٍ ، نَا أَبُو بَكْرٍ الْهُذَلِيُّ ، ح : وَنَا أَبُو بَكْرٍ الْأَزْرَقُ يُوسُفُ بْنُ يَعْقُوبَ بْنِ إِسْحَاقَ بْنِ الْبُهْلُولِ ، ثَنَا جَدِّي ، نَا عَمَّارُ بْنُ سَلَّامٍ أَبُو مُحَمَّدٍ ، نَا زَافِرٌ ، عَنْ أَبِي بَكْرٍ الْهُذَلِيِّ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ ، عَنِ ابْنِ عَبَّاسٍ فِي قَوْلِهِ عَزَّ وَجَلَّ : ( لَا أَجِدُ فِي مَا أُوحِيَ إِلَيَّ مُحَرَّمًا عَلَى طَاعِمٍ يَطْعَمُهُ ) ، قَالَ : الطَّاعِمُ : الْآكِلُ ، فَأَمَّا السِّنُّ وَالْقَرْنُ وَالْعَظْمُ وَالصُّوفُ وَالشَّعَرُ وَالْوَبَرُ وَالْعَصَبُ ، فَلَا بَأْسَ بِهِ ؛ لِأَنَّهُ يُغْسَلُ . وَقَالَ شَبَابَةُ : إِنَّمَا حَرُمَ مِنَ الْمَيْتَةِ مَا يُؤْكَلُ مِنْهَا ، وَهُوَ اللَّحْمُ ، فَأَمَّا الْجِلْدُ وَالسِّنُّ وَالْعَظْمُ وَالشَّعَرُ وَالصُّوفُ فَهُوَ حَلَالٌ ، أَبُو بَكْرٍ الْهُذَلِيُّ ضَعِيفٌ

বাংলা

১১১(৮). মুহাম্মাদ ইবন মাখলাদ (রহঃ) ... ইবনে আব্বাস (রাঃ) থেকে আল্লাহ্ তা'আলার বাণীঃ "বলো আমার নিকট যে ওহী প্রেরণ করা হয়েছে তাতে, লোকে যা আহার করে তার মধ্যে আমি কিছুই হারাম পাই না, মৃতজীব, বহমান রক্ত ও শূকরের মাংস ব্যতীত" (৬ : ১৪৫) সম্পর্কে বর্ণিত। তিনি বলেন, 'তায়েম' অর্থ ভক্ষণকারী'। দাঁত, শিং, হাড়, পশম (সূফ), চুল (শা'র), পশম (ওয়াবর) ও রগ ব্যবহারে কোন আপত্তি নেই। কেননা তা ধৌত করলে পরিষ্কার হয়ে যায়। আর শাবাবা (রহঃ) বলেন, মৃত জীবের তাই হারাম করা হয়েছে যা খাওয়া যায়, তা হলো মাংস। তার চামড়া, দাঁত, হাড়, চুল ও পশম ব্যবহার করা হালাল। আবু বাকর আল-হুযালী হাদীসশাস্ত্রে দুর্বল।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=79900

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন